



নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি বেগমগঞ্জ, নোয়াখালী।

ই-মেইলঃ gm.noa.pbs@gmail.com, ওয়েব সাইট: www.pbs.noakhali.gov.bd

স্মারক নং- ২৭.১২.৭৫০৭.৫৩১.০১.০৮.২৬ ৪৬২০

তারিখঃ ০৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২১ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

“ মোটর সাইকেল নিলাম বিজ্ঞপ্তি ”


নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত কনডেম অনুমোদিত মোটরসাইকেলসমূহ (যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিডিউলের বর্ণনা অনুযায়ী নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনসহ সিডিউলে বিস্তারিত ঠিকানা (মোবাইল নাম্বার সহ) উল্লেখ পূর্বক স্বাক্ষরসহ বন্ধ খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

প্যাকেজ নম্বর	যানবাহনের বিবরণ (মোটরসাইকেল)	পরিমাণ	উদ্ধৃত একক দর (টাকা)	উদ্ধৃত মোট দর (টাকা)
০৩/২০২৬-২০২৭	নোয়াখালী- হ-১১-৫৬৭০, নোয়াখালী- হ-১১-৬১৩৮ নোয়াখালী- হ-১১-৬১৪৫, নোয়াখালী- হ-১১-৮৪৩১ নোয়াখালী- হ-১১-৮৪৩২, নোয়াখালী- হ-১১-৮৪৩৫ Country of manufacture: CHINA Brand: ZONGSHEN CC-125	০৬ টি		
কথায়ঃ (-----)।				সর্বমোট-

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাগনকে নোয়াখালী পবিসের অনুকূলে অফেরতযোগ্য ৫০০/- টাকা নদগ/ যে কোন তফসিল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট জমা দিয়ে দরপত্র দলিল সংগ্রহ করতে হবে।
- দরদাতাগন ২২/০৯/২০২৬ খ্রিঃ তারিখ হতে ০৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় নোয়াখালী হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন।
- নিলাম দরপত্র আগামী ০৬/১০/২০২৬ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ১২:০৫ ঘটিকায় দরদাতা গণের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- উক্ত নিলামে অংশ গ্রহণে আগ্রহীগণ আগামী ০৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে (৯.০০ ঘটিকা হতে ১৬.০০ ঘটিকা পর্যন্ত) নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, বেগমগঞ্জ, নোয়াখালী এ উপরে বর্ণিত যানবাহন সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।
- খামের উপর “মোটরসাইকেল নিলাম দরপত্র” কথাটি উল্লেখ করতে হবে। আগ্রহী দর দাতাগনকে প্যাকেজ ভিত্তিক দর দাখিল করতে হবে। অত্র প্রতিষ্ঠান কর্তৃক ধার্যকৃত মোট সর্বনিম্ন নিলাম দরের নীচে কোন দর বিবেচনা করা হবে না।
- দর দাতা ব্যক্তি/প্রতিষ্ঠান দরপত্রে উল্লেখিত প্যাকেজ ভিত্তিক সকল মোটরসাইকেল এর নিলাম দর দাখিল করতে হবে। দরপত্র সিডিউলে উল্লিখিত সকল মোটর সাইকেল এর নিলাম দর দাখিল না করলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে। আংশিক/একক মোটর সাইকেল এর দর দাখিল করা যাবে না।
- দরপত্রের সাথে ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স (সত্যায়িত) সংযুক্ত করতে হবে।
- নিলামে অংশ গ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ রেসপনসিভ দরদাতা নিলামকৃত মালামাল পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
- দরপত্র বাছাই/মূল্যায়ন কালে উদ্ধৃত মূল্যে গাণিতিক কোন ভুল থাকলে উদ্ধৃত একক মূল্যকে পরিমাণ দ্বারা গুণ করে প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে একক মূল্য বহাল থাকবে এবং সে অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকবে।
- কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কে মোটরসাইকেলে সমূহ “ যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায় ” ভিত্তিতে কমিটির সদস্যগণের উপস্থিতিতে গ্রহণ করতে হবে।
- নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে দরপত্র জামানত (ফেরত যোগ্য) নোয়াখালী পল্লীবিদ্যুৎ সমিতির অনুকূলে যে কোন তফসিলী ব্যাংকের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে নিলাম দরপত্রের সহিত জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বিবেচনা করা হবে না।
- কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য এবং দাখিলকৃত দরের উপর সরকার নির্ধারিত হারে ভ্যাট ও উৎস কর নগদ অথবা ব্যাংক ড্রাস্ট আকারে নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, বেগমগঞ্জ, নোয়াখালীর অনুকূলে পরিশোধ করে যানবাহন ডেলিভারী গ্রহণ করতে হবে। অন্যথায় কোন কারণ দর্শানো ছাড়াই দরপত্রে প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।
- কৃতকার্য দরদাতা প্রতিষ্ঠানকে নিলামকৃত মোটরসাইকেল সমূহ পবিস কর্তৃপক্ষের সাথে আলোচনা পূর্বক ডেলিভারী নিতে হবে। মালামাল গ্রহণের সময় কোন প্রকার ওজর আপত্তি করা যাবে না।
- বিক্রয়াদেশ প্রাপ্ত দরদাতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত দরের উপর ভ্যাট ও উৎস কর প্রদান করতে হবে।


১৫. কোন কারণ দর্শানো ছাড়াই সকল দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
 ১৬. শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


 (মকবুল আলম)

জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
 ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কুমিল্লা জোন, বাপবিবো, কুমিল্লা।
 ০৩। জেলা প্রশাসক, নোয়াখালী।
 ০৪। পুলিশ সুপার, নোয়াখালী।
 ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নোয়াখালী।
 ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নোয়াখালী।
 ০৭। উপজেলা নির্বাহী অফিসার, বেগমগঞ্জ, চাটখিল, সোনাইমুড়ী, সেনবাগ, কোম্পানীগঞ্জ, কবিরহাট, সুবর্ণচর, সদর।
 ০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, নোয়াখালী।
 ০৯। মেয়র, চৌমুহনী পৌরসভা, নোয়াখালী।
 ১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
 ১১। সকল ডিজিএম ও বিভাগীয় প্রধান, নোয়াখালী পবিস।
 ১২। এজিএম (আইটি) (নোয়াখালী পবিসের ওয়েব সাইটে আপলোডের জন্য)।
 ১৩। নোটিশ বোর্ড, নোয়াখালী পবিস।
 ১৪। অফিস/মাষ্টার কপি।


 (মকবুল আলম)

জেনারেল ম্যানেজার


 বাসুদেব মজুমদার
 এজিএম (প্রশাসন)
 নোয়াখালী পবিস